রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২০, ২০২২

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৫ অগ্রহায়ণ, ১৪২৯/২০ নভেম্বর, ২০২২

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৫ অগ্রহায়ণ, ১৪২৯ মোতাবেক ২০ নভেম্বর, ২০২২ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০২২ সনের ১৮ নং আইন

## বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭ (২০১৭ সনের ২৩ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (সংশোধন) আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১৭ সনের ২৩ নং আইনের ধারা ৯ এর সংশোধন।**—বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭ (২০১৭ সনের ২৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৯ এর উপ-ধারা (২) এ উল্লিখিত "সচিব" শব্দটির পরিবর্তে "পরিচালক (প্রশাসন)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৩। **২০১৭ সনের ২৩ নং আইনের ধারা ১১ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা **১১** এর পরিবর্তে নিম্নরূপ ধারা **১১** প্রতিস্থাপিত হইবে, যথা :—

> **১১। পরিচালক (অর্থ) ও পরিচালক (প্রশাসন)**।—সরকার, কমিশনকে সহায়তা প্রদানের জন্য, সার্বক্ষণিক একজন পরিচালক (অর্থ) ও একজন পরিচালক (প্রশাসন) নিয়োগ করিবে।

**কে, এম, আব্দুস সালাম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd